

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩২৪

২/ সালাত (নামায) (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ কুবা মসজিদে সালাত আদায়ের ফ্যীলত।

باب مَا جَاءَ فِي الصَّلاَةِ فِي مَسْجِدِ قُبَاءٍ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْعَلاَءِ أَبُو كُرَيْبٍ، وَسُفْيَانُ بْنُ وَكِيعٍ، قَالاَ حَدَّثَنَا أَبُو أُسَامَةَ، عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ، قَالَ حَدَّثَنَا أَبُو الأَبْرَدِ، مَوْلَى بَنِي خَطْمَةَ أَنَّهُ سَمِعَ أُسَيْدَ بْنَ ظُهَيْرٍ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ، قَالَ حَدَّثُ عَنِ النَّبِيِّ صلى الله الله عليه وسلم يُحَدِّثُ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الصَّلاَةُ فِي مَسْجِدِ قُبَاءٍ كَعُمْرَةٍ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَهْلِ بْنِ عليه وسلم قَالَ " الصَّلاَةُ فِي مَسْجِدِ قُبَاءٍ كَعُمْرَةٍ " . قَالَ وَفِي الْبَابِ عَنْ سَهْلِ بْنِ حَدَيثُ حَسَنُ غَرِيبٌ . وَلاَ نَعْرِفُ لأُسَيْدِ بْنِ ظُهَيْرٍ حَديثُ مَسَنْ غَرِيبٌ . وَلاَ نَعْرِفُ لأُسَيْدِ بْنِ ظُهَيْرٍ شَيْلًا يَصِحَ خَيْرَ هَذَا الْحَديثِ وَلاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَديثِ أَبِي أُسَامَةَ عَنْ عَبْدِ الْحَمِيدِ بْنِ جَعْفَرٍ . وَأَبُو الأَبْرَدِ اسْمُهُ زِيَادٌ مَدِينٍ أَ

বাংলা

৩২৪. মুহাম্মাদ ইবনু'ল আলা আবৃ কুরায়ব ও সুফইয়ান ইবনু ওয়াকী (রহঃ) বনূ খাতমা-এর মাওলা বা আযাদকৃত দাস আবৃল আবরাদ (রহঃ) থেকে বর্ণনা করেন যে, তিনি বলেনঃ আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর অন্যতম সাহাবী উসায়দ ইবনু যুহায়র আল-আনসারী রাদিয়াল্লাহু আনহু-কে হাদীস বর্ণনা করতে শুনেছি যে, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেনঃ কুবা মসজিদে সালাত আদায় করা উমরা আদায় করার মত। - ইবনু মাজাহ ১৪১১, তিরমিজী হাদিস নম্বরঃ ৩২৪ [আল মাদানী প্রকাশনী]

এই বিষয়ে সাহল ইবনু হুনায়ফ রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে। ইমাম আবূ ঈসা তিরমিয়ী (রহঃ) বলেনঃ উসায়দ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত হাদীসটি হাসান-সহীহ। এই হাদীসটি ছাড়া উসায়দ ইবনু যুহায়র রাদিয়াল্লাহু আনহু থেকে সহীহ সূত্রে আর কোন হাদীস বর্ণিত আছে বলে আমাদের জানা নাই। আবূ উসামা আব্দুল হামীদ ইবনু জা'ফর সূত্র ব্যতীত অন্য কোনভাবেও আমরা তাঁর কোন হাদীস আছে বলে জানি না। রাবী আবূল আবরাদ-এর নাম হল যিয়াদ আল-মাদীনী।

English



Abu Al-Abrad the freed slave of Banu Khatmah narrated that he heard Usaid bin Zuhair Al-Ansari - and he was one of the Companions of the Prophet - narrated that :

the Prophet said: "The Salat in Masjid Quba is like Umrah."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন